# Times Today BD

মো. নাঈম । বরিশাল । 29 May, 2025

ঝালকাঠিতে জেলা গোয়েন্দা শাখার (ডিবি) মাদকবিরোধী বিশেষ অভিযানে ৫০ পিস ইয়াবাসহ দুই কিশোরকে আটক করেছে পুলিশ।বুধবার (২৮ মে) রাত ৮টা ৩০ মিনিটের দিকে ঝালকাঠি পৌরসভার ১নং ওয়ার্ডের বিকনা এলাকায় এ অভিযান পরিচালিত হয়।

জেলা গোয়েন্দা শাখা সূত্রে জানা যায়, এসআই (নিঃ) সুজন চন্দ্র রায়ের নেতৃত্বে একটি ডিবি টিম গোপন সংবাদের ভিত্তিতে বিকনা এলাকার হোল্ডিং নম্বর ৪০৫, মৃত মোসলেম উদ্দিন মিয়ার বসতঘরে অভিযান চালায়।সেখান থেকে মো. নাফিউল ইসলাম তুর্য (১৫) নামের এক কিশোরকে আটক করা হয়। তার পরিহিত থ্রি-কোয়ার্টার প্যান্টের পকেট তল্লাশি করে একটি হলিউড ব্র্যান্ডের সিগারেটের প্যাকেটের ভিতরে রাখা ৫০ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে নাফিউল জানায়, ঘটনার সময় তার সঙ্গে মোস্তাফিজুর রহমান তনয় (১৭) নামের আরও এক কিশোর ছিল, যিনি অভিযান চলাকালে পালিয়ে যায়। পরবর্তীতে নাফিউলের দেওয়া তথ্যে ভিত্তিতে কলেজ মোড় এলাকা থেকে মোস্তাফিজুর রহমান তনয়কেও আটক করে ডিবি।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা প্রক্রিয়াধীন রয়েছে বলে জানিয়েছে জেলা গোয়েন্দা শাখা। ডিবির পক্ষ থেকে আরও জানানো হয়, মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

ডিবি ইয়াবা আটক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:11

URL: https://www.timestodaybd.com/public/barishal/7758073125